

৷ *Byem*

তারিখ: 06 JUN 2007

পৃষ্ঠা ২

বাউবি'র এইচএসসি'র ফল প্রকাশ ॥ পাসের হার ৪০.৮৫

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে ২০০৬ সালের এইচএসসি প্রোগ্রামের চূড়ান্ত পরীক্ষার ফল স্নেহিত পদ্ধতিতে প্রকাশ করা হয়েছে। এতে বিভিন্ন স্তরে ২০১১৭ জন পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিলো ৪৯২৪২ জন। পাসের হার ৪০ দশমিক ৮৫ ভাগ।
কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে ১৪ জন 'এ', ২১৬ জন 'এ-', ১৫০৮ জন 'বি', ১০৭৬৯ জন 'সি' এবং ৭৬১০ জন 'ডি' স্তরে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে পুরুষ ১০৭৫৬ জন এবং মহিলা ৯৩৬১ জন।

প্রথম বর্ষের পরীক্ষার ফলও একই সাথে প্রকাশ করা হয়েছে। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের এইচএসসি প্রোগ্রামের সকল টিউটোরিয়াল কেন্দ্র থেকে পরীক্ষার ফল জানা যাবে। পত্রকাশ মঙ্গলবার এক সরকারি তথ্য বিবরণীতে এ খবর জানানো হয়েছে।